রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৩১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩১শে আগস্ট ২০০৩/১৬ই ভাদ্র ১৪১০

**এস,আর,ও নং ২৬০-আইন/২০০৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের শর্ত মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

উপরিউক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ঘঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঘঘ) "বিভাগীয় প্রার্থী" অর্থ—

(অ) থানা শিক্ষা অফিসারের ক্ষেত্রে, প্রাথমিক বিদ্যালয়ের যে কোন শিক্ষক ও সহকারী থানা শিক্ষা অফিসার;

(আ) সহকারী থানা শিক্ষা অফিসারের ক্ষেত্রে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের যে কোন শিক্ষক;

(ই) ইন্সট্রাক্টর (সাধারণ) এর ক্ষেত্রে, পরীক্ষণ বিদ্যালয়ের যে কোন শিক্ষক;";



মূল্যঃ টাকা ২.০০

(খ) বিধি ৭ এর উপান্তটীকার পরিবর্তে নিম্নরূপ উপান্তটীকা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**"তফসিলের ৭ ও ১৭ নং ক্রমিকে উল্লিখিত পদ সম্পর্কে বিশেষ বিধান ।—";**

(গ) বিধি ৭ এর পর নিম্নরূপ নূতন বিধি ৮ সংযোজিত হইবে, যথাঃ—

**"৮। তফসিলের ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪১ নং ক্রমিকে উল্লিখিত পদ সম্পর্কে বিশেষ বিধান ।—**

(১) অত্র মন্ত্রণালয়ের ১৩মে, ১৯৯৬ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও নং-৬৪-আইন/৯৬, অতঃপর এই বিধিতে উক্ত প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, দ্বারা সংশোধিত এই বিধিমালার তফসিলের ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ এবং ৪১ নং ক্রমিকের কলাম ২ এর পদসমূহের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বা সরকার কর্তৃক এতদবিষয়ে জারীকৃত কোন প্রজ্ঞাপন বা স্মারকে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত প্রজ্ঞাপন জারীর পূর্বে যে সকল ব্যক্তি উক্ত ক্রমিকসমূহের বিপরীতে উল্লিখিত ইন্সট্রাক্টর পদে সংশ্লিষ্ট সময়ে প্রচলিত নিয়োগবিধি অনুসারে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, তাহারা উক্ত প্রজ্ঞাপন জারীর সংগে সংগে তফসিলের ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪১ নং ক্রমিকে উল্লিখিত পদে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে উন্নীত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(২) উক্ত প্রজ্ঞাপন জারীর পর, উক্ত পদসমূহে কোন শূণ্যতা থাকিলে বা কোন কারণে শূণ্যতার সৃষ্টি হইলে, এইরূপ শূণ্য পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত প্রজ্ঞাপন দ্বারা সংশোধিত তফসিলের ক্রমিক নং ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪১ এবং তদ্‌সংশ্লিষ্ট বিধানাবলী অনুসরণ করা হইবে।

(৩) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, উক্ত প্রজ্ঞাপন জারীর পর উক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরাসরি বা পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির মাধ্যমে নিয়োগের কোটার সহিত যুক্ত হইবে।";

(ঘ) "প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউশনের জন্য" শিরোনামাধীন তফসিলের কলাম ১ এর ক্রমিক নং ৩৫, ৩৫(ক), ৩৫(খ), ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ এবং উহার

বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৫। | ইন্সট্রাক্টর (সাধারণ) | অনুর্দ্ধ ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বৎসর। | (ক) ৩০% পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; (খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক হিসাবে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি, এড ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—**<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর এম,এড, ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি, এড ডিগ্রী। |
| ৩৬। | ইন্সট্রাক্টর (স্বাস্থ্য ও পুষ্টি বিজ্ঞান) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতিতে (পুষ্টি বিজ্ঞানসহ) বা খাদ্য ও পুষ্টি বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি, এড ডিগ্রী। |
| ৩৭। | ইন্সট্রাক্টর (ইসলামিয়াত) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে আরবি/ইসলামিক স্টাডিজে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,এড ডিগ্রী অথবা ২য় শ্রেণীর কামিল ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,এড ডিগ্রী। |
| ৩৮। | ইন্সট্রাক্টর (বিজ্ঞান) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি,এসসি ডিগ্রীসহ ২য় শ্রেণীর এম,এড ডিগ্রী অথবা ২য় শ্রেণীর এম,এম,সি ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,এড ডিগ্রী অথবা সমমানের কোন ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৯। | ইন্সট্রাক্টর (কৃষি) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি,এজি ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,এড ডিগ্রী অথবা উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,এড ডিগ্রী; অথবা বি,এস,সি পর্যায়ে উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর এম,এড ডিগ্রী। |
| ৪০। | ইন্সট্রাক্টর (শারীরিক শিক্ষা) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর বি,পি,এড ডিগ্রী। |
| ৪১। | ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা) | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্নাতক বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ক্রাফট/ফাইন আর্টস এ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৪২। | পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সি ইন-এড/বি,এড/ডিপ্লোমা ইন এডুকেশনসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৪৩। | সহঃ লাইব্রেরীয়ান কাম ক্যাটলগার | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | লাইব্রেরী সায়েন্সে ডিগ্রী বা ডিপ্লোমাসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

২৪। এই প্রজ্ঞাপন ৬ই জানুয়ারী, ১৯৯৬ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

অধ্যাপিকা (ডাঃ) তাহমিনা হোসেন
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।